Find ও Replace করা – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৮

tutorial.hamimit.com/find-ও-replace-করা

Find ও **Replace** কমান্ড নিয়ে আজকের টিউটোরিয়াল। আজ জানবো কিভাবে ওয়ার্ড ২০১৬ ডকুমেন্টের কনটেন্টে **Find** ও **Replace** কমান্ড পরিচালনা করবেন?


ওয়ার্ড ডকুমেন্টে কাজের সময় **কোন শব্দ খুঁজে বের করা কিংবা প্রতিস্থাপন করার** প্রয়োজন হয়ে পড়ে।

কোন শব্দ খুঁজে বের করার জন্য **Find** কমান্ড এবং কোন শব্দ প্রতিস্থাপন করতে **Replace** কমান্ড ব্যবহার করা হয়ে থাকে।

ওয়ার্ড ডকুমেন্টে **Find** ও **Replace** কমান্ড ব্যবহার করার পদ্ধতি নিম্নে বর্ণিত হলো:-

ডকুমেন্টে কোন শব্দ খুঁজে (Find) বের করা


- প্রয়োজনীয় ডকুমেন্ট সম্পাদন করুন।
- অথবা, নতুন ডকুমেন্ট খুলে স্যাম্পল ডাটার জন্য **=rand()** টাইপ করে এন্টার চাপুন।
- ফলে নিচের মত স্যাম্পল টেক্সট প্রদর্শিত হবে।



ধরুন, ডকুমেন্টের ভেতর **Video** শব্দটি খুঁজে বের করতে চাই।


- **Ctrl+Home** চেপে কার্সর ডকুমেন্টে শুরুতে আনুন।
- এবারে **Home** ট্যাবের **Editing** প্যানেল বা গ্রুপের **Find** ক্লিক করুন।

লক্ষ্য করুন, ডকুমেন্টের বায়ে নিচের চিত্রের মত **Find** করার **Task Pane** অপশন প্রদর্শিত হয়েছে।




এবারে **Navigation** এর নিচের ঘরে **Video** টাইপ করুন।

লক্ষ্য করুন, ডকুমেন্টে থাকা সকল **Video** হলুদ ব্যাকগ্রাউন্ডে প্রদর্শিত হচ্ছে।



নোট: ডকুমেন্টে একাধিক পাতা থাকলে মাউস দ্বারা স্ক্রল করে দেখে নিতে পারেন।

Task Pane Option উইন্ডো বন্ধ করতে **Navigation** এর ডানে থাকা ডাউন এ্যারো কী ক্লিক করে **Close** ক্লিক করুন।



অথবা, **X** ক্লিক করুন।


ডকুমেন্টে কোন শব্দ অন্য শব্দ দ্বারা প্রতিস্থাপন (Replace) করা

ধরুন, ডকুমেন্টে অবস্থিত সকল **Video** কে **Audio** দ্বারা প্রতিস্থাপন করতে চান।

- **Ctrl+Home** চেপে কার্সর ডকুমেন্টে শুরুতে আনুন।
- এবারে **Home** ট্যাবের **Editing** প্যানেল বা গ্রুপের **Replace** ক্লিক করুন।

লক্ষ্য করুন, নিচের চিত্রের মত **Find and Replace** ডায়ালগ বক্স প্রদর্শিত হয়েছে।

- এবারে **Find what** এর ডানের ঘরে যে শব্দটি বদলাতে চান তা টাইপ করুন।
- এক্ষেত্রে যেহেতু আমরা **Video** শব্দটি প্রতিস্থাপন করতে চাই তাই **Video** লিখেছি।
- অতপর **Replace with** এর ডানের ঘরে যে শব্দটি দ্বারা প্রতিস্থাপন করতে চাই তা টাইপ করুন।
- এক্ষেত্রে যেহেতু আমরা **Audio** শব্দটি দ্বারা প্রতিস্থাপন করতে চাই তাই **Audio** লিখেছি।



- এবারে একটি একটি করে রিপ্লেস করতে চাইলে **Replace** বাটনে ক্লিক করুন। এবং ডকুমেন্টের সকল **Video** যদি **Audio** দ্বারা প্রতিস্থাপন করতে চাই তবে **Replace All** বাটনে ক্লিক করুন।
- অবশেষে **Ok** বাটনে ক্লিক করুন।

Find ও **Replace** ডায়ালগ বক্স বন্ধ করতে **Close** বাটনে ক্লিক করুন।

কিংবা কীবোর্ডের **Esc** কী চাপুন।

কীবোর্ড সর্টকাট ব্যবহার করে Find ও Replace কমান্ডের ব্যবহার

খুব সহজেই কীবোর্ড সর্টকাট ব্যবহার করে ডকুমেন্টে **Find** ও **Replace** কার্য সম্পাদন করা যায়।

- **Ctrl+F** = ডকুমেন্টে কোন শব্দ খুঁজে বের করার জন্য
- **Ctrl+H** = ডকুমেন্টের কোন শব্দ অন্য শব্দ দ্বারা প্রতিস্থাপন করার জন্য

জুম ইন-আউট এর ব্যবহার – এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৭

Symbol সংযোজন করা– এম এস ওয়ার্ড ২০১৬ বাংলা টিউটোরিয়াল | পর্ব ১৯

> আজ এখানেই শেষ করছি। ইনশাআল্লাহ্ পরবর্তীতে এম এস ওয়ার্ড ২০১৬ ভার্সনে কিভাবে ডকুমেন্টে স্পেশিয়াল সিম্বল [Special Symbol] যুক্ত করবেন সে বিষয়ে বিস্তারিত টিউন নিয়ে উপস্থিত হবো। সে পর্যন্ত আমাদের সাথেই থাকুন।
>
> টিউনে যদি কোন ভুল কিংবা অসামঞ্জস্য দেখুন তবে দয়া করে কমেন্ট করুন। আর যদি টিউটোরিয়াটি তথ্যবহুল হয় তবে বন্ধুমহলে শেয়ার করুন।